গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
www.baliadangi.thakurgaon.gov.bd

## বালিয়াডাঙ্গী উপজেলার ডিসেম্বর, ২০২০ মাসের মাসিক আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মোহা: যোবায়ের হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

তারিখ : ১০/১২/২০২০ খ্রি:
সময় : সকাল- ১০: ০০ ঘটিকা।

সভার উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- '' ক''
সভার অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- ''খ''

সভাপতি উপস্থিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভার শুরুতে ডিসেম্বর,২০২০ খ্রি: মাসের ইউনিয়ন পরিষদের ইউনিয়ন আইন-শৃঙ্খলা ও সন্ত্রাস নাশকতা প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণীর বিষয়টি তুলে ধরা হলো, যা নিম্নরুপ:

| ক্র:নং | ইউনিয়নের নাম | ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী | ইউনিয়ন সন্ত্রাস ও জঙ্গীবাদ নাশকতা প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী | চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির কার্যবিবরণী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | পাড়িয়া | **কার্যবিবরণী পাওয়া গেছে** | **কার্যবিবরণী পাওয়া গেছে** | **কার্যবিবরণী পাওয়া গেছে** | |
| ২ | চাড়োল | **কার্যবিবরণী পাওয়া গেছে** | **কার্যবিবরণী পাওয়া গেছে** | **কার্যবিবরণী পাওয়া গেছে** | |
| ৩ | ধনতলা | **কার্যবিবরণী পাওয়া গেছে** | **কার্যবিবরণী পাওয়া গেছে** | **কার্যবিবরণী পাওয়া গেছে** | |
| ৪ | বড়পলাশবাড়ী | কার্যবিবরণী পাওয়া যায়নি। | কার্যবিবরণী পাওয়া গেছে | কার্যবিবরণী পাওয়া গেছে | |
| ৫ | দুওসুও | কার্যবিবরণী পাওয়া যায়নি | কার্যবিবরণী পাওয়া যায়নি | কার্যবিবরণী পাওয়া যায়নি | |
| ৬ | ভানোর | কার্যবিবরণী পাওয়া যায়নি | কার্যবিবরণী পাওয়া গেছে | কার্যবিবরণী পাওয়া গেছে | |
| ৭ | আমজানখোর | **কার্যবিবরণী পাওয়া গেছে** | **কার্যবিবরণী পাওয়া গেছে** | **কার্যবিবরণী পাওয়া গেছে** | |
| ৮ | বড়বাড়ী | **কার্যবিবরণী পাওয়া গেছে** | **কার্যবিবরণী পাওয়া গেছে** | **কার্যবিবরণী পাওয়া গেছে** | |

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় গত সভার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অত:পর উপজেলার আইন-শৃঙ্খলা বিষয়ে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| ০১ | **জনাব মো: আব্দুস সোবহান,** সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার সভায় সালাম জানিয়ে বলেন যে, বালিয়াডাংগী উপজেলার আইন শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। তিনি আরো জানান যে, লাল মুক্তিবার্তার বর্হিভূত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কার্যক্রম আবারো শুরু হতে যাচ্ছে। এছাড়া ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে সকল মুক্তিযোদ্ধাগণকে শীতবস্ত্র দেওয়ার জন্য অনুরোধ জানান। | বর্ণিত আলোচনার উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করণ। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br>৩। বালিয়াডাঙ্গী থানা। |
| ০২ | **চেয়ারম্যান, ৫নং দুওসুও ইউপি** সভায় সকলকে সালাম জানিয়ে বলেন যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। বর্তমান অন্ধকারে অবাধ চলাচলের নিমিত্তে রাস্তার পাশে অটো লাইট স্থাপন করার জন্য অনুরোধ করেন। এছাড়াও দুওসুও ইউপির দফাদার ও মহল্লাদার নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। | বর্ণিত আলোচনার উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করণ। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br>৩। বালিয়াডাঙ্গী থানা। |
| ০৩ | **চেয়ারম্যান, ৮নং বড়বাড়ী ইউপি** সভায় সকলকে সালাম জানান। অত:পর বালিয়াডাংগী উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তিনি জানান বালিয়াডাংগী চৌরাস্তায় যানজোটের কারনে ট্রাফিক প্রয়োজন। জরুরি ভিত্তিতে ট্রাফিক প্রদানে ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান। | বর্ণিত আলোচনার উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করণ। | ১।উপজেলা নির্বাহী অফিসার।<br>২। অফিসার ইনচার্জ বালিয়াডাঙ্গী থানা।<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ০৪ | **চেয়ারম্যান, ৩নং ধনতলা ইউপি** সভায় সকলকে সালাম জানিয়ে সভায় বলেন যে, আইন শৃংখলা পরিস্থিতি ভাল। চোরাচালান পরিস্থিতি স্বাভাবিক। তার ইউনিয়নে চুরি ঘটনা ঘটেনি তবে করোনা পরিস্থিতি রোধে সকলকে সচেতন হওয়ার আহবান জানান। তিনি আরো জানান অত্র ইউনিয়নের অবৈধ স্থাপনা ও অবৈধ দখলদারদের উচ্ছেদ করা প্রয়োজন। এছাড়াও খোচাবাড়ির পাশে চিন্তারাম কাঠমিস্ত্রি তার ছোট ভাইকে মেরে দুটি পা ভেঙ্গে দিয়েছে ফলে থানায় মামলা দায়ের করা হয়েছে এব্যাপারে অফিসার ইনচার্জ, বালিয়াডাঙ্গী থানার দৃষ্টি আকর্ষণ করেন। | বর্ণিত আলোচনার বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করণ। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>২। বালিয়াডাংগী থানা।<br>৩। ইউপি চেয়ারম্যান।<br>৪। বিজিবি |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **চেয়ারম্যান, ৪নং বড়পলাশবাড়ী ইউপি** সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। কোথাও কোন চুরির ঘটনা ঘটেনি। করোনা পরিস্থিতি রোধে সকলকে সচেতন হতে হবে। আবাদী জমিতে বালু পড়ে কৃষি চাষে সমস্যা হয় উক্ত বালু সরকারি ভাবে উত্তোলনের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ের উপর ব্যবস্থা গ্রহণ। | ১। অফিসার ইনচার্জ।<br>২। ইউপি চেয়ারম্যান।<br>৩। বিজিবি |
| ০৭ | **চেয়ারম্যান ৭নং আমজানখোর ইউপি** সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, আইন শৃংখলা পরিস্থিতি ভাল এবং চোরাচালান পরিস্থিতি স্বাভাবিক। তিনি আরো জানান ২০০ বছরের পুরনো ঐতিহ্যবাহী সূর্যপুরী আমগাছে বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য অনুরোধ জানান। এছাড়াও স্কুলের হাটে ৪২ শতক খাস জমি রয়েছে, সেই জমিতে হাট সেট স্থাপনের বিষয়ে অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করণ। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। অফিসার ইনচার্জ।<br>২। বিজিবি।<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। সহকারি প্রকৌশলী, পল্লী |
| ০৮ | **চেয়ারম্যান, ১নং পাড়িয়া ইউপি** সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, আইন শৃংখলা পরিস্থিতি ভাল এবং চোরাচালান পরিস্থিতি স্বাভাবিক। তিনি বলেন অত্র ইউনিয়নে গরু চুরি হয়েছে। তবে এব্যাপারে গ্রাম পুলিশদের কে কাজে লাগানো যেতে পারে। | আলোচনার উপর ব্যবস্থা গ্রহণ। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>২। অফিসার ইনচার্জ।<br>৩। ইউপি চেয়ারম্যান। |
| ০৯ | **চেয়ারম্যান, ২নং পাড়িয়া ইউপি** সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। কোথাও কোন চুরির ঘটনা ঘটেনি। | আলোচনার উপর ব্যবস্থা গ্রহণ। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>২। অফিসার ইনচার্জ। |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার** সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, গত ২০/১১/২০২০ খ্রি: তারিখে অত্র অফিসের জেনারেটরের ১০০ মিটারের মত তার চুরি হয়েছে। এর ফলে ২৫/১১/২০২০ খ্রি: তারিখে থানায় জিডি করা হয়েছে। | আলোচনার উপর ব্যবস্থা গ্রহণ। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। অফিসার ইনচার্জ। |
| ১১ | **বিজিবি, পাড়িয়া** সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, অত্র এলাকায় গরু চুরির ঘটনা কমেছে তবে এ ব্যাপারে সকলকে সাবধান থাকার কথা বলেন এবং ভারতীয় গরু আসা কমেছে।<br>**বিজিবি, নাগরভিটা** সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, নাগর নদীর পানি কমেছে জমির মালিকানাগণকে আবাদী জমির বালি সরাতে দিলে নদীর বালি সরাতে চেষ্টা করবে এমনকি এটা ব্যবসায় পরিণত করবে। | আলোচনার উপর ব্যবস্থা গ্রহণ। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। অফিসার ইনচার্জ।<br>৩। সংশ্লিষ্ট বিজিবি |
| | **মো: রমজান আলী, সাংবাদিক** সভায় বলেন যে, বালিয়াডাঙ্গী উপজেলার কেন্দ্রীয় সমবায় সমিতি বিভিন্ন অনিয়ম ও নীতিমালা ছাড়াই পরিচালনা করছে। বিষয়টি তদন্ত করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অনুরোধ জানান। | আলোচনার উপর ব্যবস্থা গ্রহণ। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। অফিসার ইনচার্জ।<br>৩। উপজেলা সমবায় অফিসার |
| ১২ | **জনাব আলহাজ্ব মোহাম্মদ আলী, সাবেক উপজেলা চেয়ারম্যান** সভায় জানান যে, আইন শৃংখলা পরিস্থিতি খুবই ভাল। করোনা বিষয়ে শতর্ক থাকার আহবান জানান। তিনি জানান, এ সরকারের আমলে মাদক, ইয়াবা ও ফেন্সিডিলসহ অন্যান্য চোরাচালান শক্ত হস্তে দমন করা হয়েছে। তিনি আরো জানান যে, সামনে মহান বিজয় দিবস উদযাপন হতে যাচ্ছে এব্যারে সকলের সহযোগীতা কামনা করা হয়। তিনি যানজোট নিরশনে পুণ:ব্যক্ত করেন। | সভায় আলোচনান্তে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ। | ১। অফিসার ইনচার্জ<br>২। উপজেলা স্বাস্থ্য বিভাগ।<br>৩। ইউপি চেয়ারম্যান। |
| ১৩ | **অফিসার ইনচার্জ বালিয়াডাংগী থানা** সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, আইন শৃংখলা পরিস্থিতি ভাল এবং চোরাচালান পরিস্থিতি স্বাভাবিক। তিনি জানান ভ্রাম্যমান আদালত চললে মাদক রোধ করা সম্ভব। মাদক রোধে তিনি সকলকে সচেতন ও সহযোগীতা করার অনুরোধ জানান। আইন শৃঙ্খলাসহ অন্যান্য অপরাধ রোধে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার অনুরোধ জানান। | আইন শৃঙ্খলা, চুরি, মাদক, ফেনসিডিল রোধে পুলিশি টহল জোরদার করণ। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। অফিসার ইনচার্জ<br>৩। ইউপি চেয়ারম্যান<br>৪। বিজবি |
| ১৪ | **জনাব মো: আলী আসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বালিয়াডাঙ্গী:** উপজেলা আইন শৃংখলা বিষয়ক সভায় উপস্থিত সম্মানীত সদস্যগণকে সালাম জানিয়ে তার মূল্যবান বক্তব্যে বলেন যে, আইন শৃংখলা পরিস্থিতি ভাল। তিনি অত্র উপজেলায় যে কোন চুরি, মাদক, ফেনসিডিল এবং জুয়াখেলা রোধে পুলিশকে তৎপর থাকার আহবান জানান। আইন শৃংখলা, চোরাচালান, মাদক ও ফেনসিডিল রোধে সকলকে একযোগে কাজ করার পরামর্শ প্রদান করেন। তিনি করোনা সংক্রমন হতে সকলকে সচেতন থাকার আহবান জানান। তিনি বলেন যে সমবায় সমিতির অভিযোগটি তিনি দেখবেন বলে আশ্বস্ত করেন। | চোরাচালান, মাদকদ্রব্য, আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণ এবং জুয়াখেলা রোধে বিজিবি এবং পুলিশ সম্মিলিতভাবে প্রয়োজনীয় পদক্ষেপ জোড়দার করার নিমিত্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। অফিসার ইন-চার্জ।<br>২। বিজিবি।<br>৩। ইউপি চেয়ারম্যান। |

সভাপতি এলাকার আইন শৃঙ্খলাসহ সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার আহবান জানান। তিনি সভায় বলেন যে, ফেনসিডিল, মাদক ও ইয়াবা রোধে স্ব স্ব ইউনিয়ন পরিষদ, শিক্ষা প্রতিষ্ঠানে বহুল প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। ফেনসিডিল, মাদক ও জুয়াখেলা রোধে অফিসার ইনচার্জ, বালিয়াডাঙ্গী থানাকে তৎপর থাকার অনুরোধ জানান। (কোভিড-১৯) সংক্রান্ত সকলকে সচেতন ও শতর্ক থাকার আহবান জানান। আইন শৃংখলা সহ সার্বিক পরিস্থিতি ভাল রাখার লক্ষ্যে সকলকে সহযোগিতা করার অনুরোধ করেন। তিনি আইন শৃংখলা ও অন্যান্য পরিস্থিতি নিয়ন্ত্রণের লক্ষে পুলিশি টহল জোড়দার করার বিষয়েও অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহা: যোবায়ের হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃংখলা কমিটি
বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।

স্মারক নং-০৫.৫৫.৯৪০৮.০০০.০০.০০২.২০- ৭৮৩ তারিখ : ৩১/১২/২০২০ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৪, ঠাকুরগাও-২।

২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ,বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।

৪। উপজেলা ভাইস চেয়ারম্যান /মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাংগী।

৫। উপজেলা....................................................কর্মকর্তা, বালিয়াডাংগী , ঠাকুরগাঁও।

৬। চেয়ারম্যান, ................................................( সকল) ইউনিয়ন পরিষদ, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।

৭। কোম্পানী কমান্ডার, পাড়িয়া/ নাগরভিটা বিওপি বালিয়াডাংগী।

০৮। জনাব,............................................................

মোহা: যোবায়ের হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
ফোন:০৫৬২২-৫৬০০১
Email:unobaliadangi@mopa.gov.b.d